দৈনিক জনকণ্ঠ

JUN 03 2002

# চট্টগ্রাম আইন কলেজে ছাত্রদল শিবিরের যৌথ হামলা ॥ ১০ ছাত্রলীগ নেতাকর্মী আহত

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস** ॥ রবিবার রাত ৮টায় চট্টগ্রাম আইন কলেজ ছাত্রসংসদ কার্যালয়ে ছাত্রদল-শিবির যৌথভাবে হামলা চালিয়েছে। এতে আহত হয়েছে ছাত্রলীগের ১০ নেতাকর্মী। আগামী ২৬ জুন কলেজ ছাত্রসংসদ নির্বাচনের পূর্বে এ ঘটনা সুষ্ঠু পরিবেশকে উত্তপ্ত করে তুলেছে।

উল্লেখ্য, নগরীর আন্দরকিল্লাস্থ চট্টগ্রাম আইন কলেজটি নৈশ। এ কলেজে ছাত্রলীগের দীর্ঘ সময়ের একক আধিপত্য রয়েছে। এ পর্যন্ত অনুষ্ঠিত ১১ বার সংসদ নির্বাচনে ছাত্রলীগ ১০ দফায় ও ছাত্রদল '৯১ সালে মাত্র ১ দফায় জয়ী হয়। বর্তমান জোট সরকার ক্ষমতায় আসার পর থেকে ছাত্রদল কলেজ কর্তৃপক্ষকে সংসদ বন্ধ করে দেয়ার জন্য চাপ সৃষ্টি করে আসছে। কিন্তু কর্তৃপক্ষ এতে সায় না দিয়ে ২৬ জুন নির্বাচন ঘোষণা করে। নির্বাচনী তৎপরতা শুরু হওয়ার সঙ্গে সঙ্গে রবিবার রাতে ছাত্রদল ও শিবির জোটবদ্ধ হয়ে সংসদ কার্যালয়ে হামলা চালিয়ে বঙ্গবন্ধু ও শেখ হাসিনার ছবি গুঁড়িয়ে দেয়। এ সময় তারা সংসদের ভিপি পেয়ার মোহাম্মদ, সহসভাপতি প্রণব দাশগুপ্ত ও কলেজ ছাত্রলীগ সভাপতিসহ ১০ জনকে মারধর করে।